"একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ISO 9001:2015 Certified

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৪. ৫০৮-৭১

তারিখঃ ১২ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।
২৭ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জন্য নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য নিম্নলিখিত শর্তানুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুঃভিঃ) গণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (১২/১২/২০২৪ খ্রীঃ তারিখে)।<br><br>০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে ।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট www.pbs1.pabna.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড পূর্বক স্বহস্তে পূরণ করে আগামী ১২/১২/২০২৪খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **"জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা"** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম প্রশাসন/ মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিসের অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ থাকতে হবে।

(গ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

(ঘ) **যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।**

(ঙ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রী গণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/ বরখাস্তকৃত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল প্রদান করলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবেনা।

(ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

(ঞ) যে সকল প্রার্থীর স্থায়ী ঠিকানা পাবনা জেলায় সে সকল প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

(ট) নিয়োগের ক্ষেত্রে বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

(ঠ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৭/১১/২৪

(মোঃ শফিউল আলম)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...............................১/২/৩/৪।
০৬। ডিজিএম, (কারিগরী)/দাশুড়িয়া/আটঘরিয়া/ভাংগুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৭। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/অর্থ/আইটি), পাবনা পবিস-১।
০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), পাবনা পবিস-১, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১০। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

২৭/১১/২৪

(মোঃ শফিউল আলম)
জেনারেল ম্যানেজার

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে"
লোকবল নিয়োগ ও প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এককপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছঁবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

| | |
|---|---|
| **১. নিয়োগ বিজ্ঞপ্তির নং- ২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৪.** ৫০৮৭) | তারিখঃ- **২৭/১১**/২০২৪ খ্রিঃ |
| ২. আবেদনকৃত পদের নামঃ ................................................<br>(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) | ৩. পদের ধরণঃ .................................... |
| ................................................<br>৪. বিজ্ঞাপনের সূত্র/বিজ্ঞপ্তির সূত্র | ................................................<br>৫. প্রকাশনার তারিখ |
| ................................................<br>৬. আবেদনকারীর পুর্ণ নাম (বাংলায়) | ................................................<br>(ইংরেজীতে বড় হাতের অক্ষরে) |
| ................................................<br>৭. জন্ম তারিখ (........ পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী) | ........../........./...............(দিন/মাস/বছর)<br>৮. বয়স ( - - খ্রিঃ তারিখে) |
| ................................................<br>৯. মাতার নাম | ................................................<br>১০. পিতার নাম |
| ................................................<br>১১. ধর্ম | ................................................<br>১২. জাতীয়তা |
| ১৩. নিজ জেলা<br>................................................ | ................................................<br>১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর |

১৫. বৈবাহিত অবস্থা : (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| ..............................<br>ক. গ্রাম/সড়ক/বাড়ী | ..............................<br>খ. ডাকঘর | ..............................<br>গ. উপজেলা/থানা | ..............................<br>ঘ. জেলা |

**১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:**

| | | | |
|---|---|---|---|
| ..............................<br>ক. গ্রাম/সড়ক/বাড়ী | ..............................<br>খ. ডাকঘর | ..............................<br>গ. উপজেলা/থানা | ..............................<br>ঘ. জেলা |

**১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জপিএ/সিজিপিএ | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ৮ম শ্রেনী পাশ | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

**১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) :**

| ক্রমিক নং | পবিসের নাম | কর্মকালীন সময় | | কত বছর কর্মরত ছিলেন |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**২০. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্যক্ষেত্রে):**

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**২১. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

..........................................
তারিখ

..........................................
আবেদনকারীর স্বাক্ষর